

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/১১৩


তারিখ: ১৭ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়:** বিএসইসির সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সাথে বিএসইসি কমিশনের চেয়ারম্যান-কমিশনারগণের বৈঠক।

অদ্য ৩০ এপ্রিল ২০২৫ রোজ বুধবার তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সাথে বিএসইসির চেয়ারম্যান-কমিশনারগণের একটি সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বিএসইসি'র মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখা এবং বিএসইসির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত বৈঠকে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ বিএসইসির সকলকে একত্রিত থাকার অনুরোধ জানান। দেশের পুঁজিবাজার ও অর্থনীতি তথা জাতীয় স্বার্থ বিবেচনায় দেশের গুরুত্বপূর্ণ রেগুলেটরি সংস্থা হিসেবে বিএসইসির সকল কর্মকর্তা-কর্মচারীদের পরিপূর্ণ দায়িত্বশীলতা ও শৃঙ্খলার সাথে দেশের পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারের জন্য কাজ করার নির্দেশনা দেন। তিনি নিষ্ঠা-সততার সাথে নতুন উদ্যমে কাজ করার আহ্বান জানান। সকলের সহযোগিতায় পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা-বিএসইসির কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির প্রত্যাশা ব্যক্ত করেন তিনি। সভায় কমিশনের চেয়ারম্যান-কমিশনারগণ পূর্বের সকল ভুল-ত্রুটি ভুলে গিয়ে কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে নতুন উদ্যমে কাজ করার আহ্বান জানান এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে বিএসইসি'র বিভিন্ন বিষয়ের সুবাহার আশ্বাস দেন। চেয়ারম্যান-কমিশনারগণের আহ্বানে সাড়া দিয়ে বিএসইসির সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে কমিশনের সাথে পূর্ণ উদ্যম ও শৃঙ্খলার সাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে



মোঃ আবুল কালাম  
পরিচালক ও মুখপাত্র

